মুজিবনগরে কৃষকদলের প্রস্তুতি সভা

মুজিবনগরে উপজেলা কৃষকদলের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৯ অক্টোবর) বিকালে মুজিবনগর কমপ্লেক্স সূর্যোদয় রেষ্ট হাউসে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় মেহেরপুর জেলা যুবদলের সহ-সভাপতি আব্দুল হামিদের সঞ্চালনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবকদলের সহ-সভাপতি সালাউদ্দীন আহম্মেদ,মুজিবনগর উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলী, সিনিয়র সহ-সভাপতি রমজান আলী মেম্বার, সহ-সভাপতি সাব্দার আলী, সাধারন সম্পাদক কুন্নুত আলী, মোনাখালী ইউনিয়ন কৃষকদলের সভাপতি আশা, দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের সভাপতি রিপন আলী, সাধারন সম্পাদক হাবিবুর রহমান প্রমুখ।

এ সময় মুজিবনগর উপজেলা ও ইউনিয়ন কৃষকদলের সকল নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতা অনুষ্ঠিত

শব্দ শিখুন, ভাষা শিখুন এই প্রতিপাদ্যে গুডনেইবারর্স মেহেরপুর সিডিপির আয়োজনে, মুজিবনগর উপজেলার মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিয়ে ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২৯ অক্টোবর) সকালে মুজিবনগর কমপ্লেক্স পর্যটন মোটেলে অনুষ্ঠিত ওয়ার্ড মাস্টার প্রতিযোগীতা গুডনেইবার্স মেহেরপুর সিডিপির ম্যানেজার সুব্রত টুডুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

গুডনেইবারর্সের সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদের সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ও গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহিরুল ইসলাম, গুডনেইবারর্সের স্বাস্থ্য সহকারী আহসানুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

মুজিবনগর উপজেলার মোট ১৮ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৫৪ শিক্ষার্থী ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতায় অংশ নেন।

প্রতিযোগিতায় বিজয়ীদের মোট পাঁচটি ক্যাটাগরিতে ভাগ করা হয়। প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী তাসনুভা খাতুন, দ্বিতীয় স্থান অধিকার করেন চুয়াডাঙ্গা জেলার বিষ্ণুপুর হাই স্কুলের শিক্ষার্থী সাদিকুর রহমান, তৃতীয় স্থান অধিকার করেন মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয় শিক্ষার্থী তাসমিনা খাতুন, চতুর্থ স্থান অধিকার করেন আনন্দবাস মিয়া মনসুর একাডেমীর শিক্ষার্থী শুভ আহম্মেদ, পঞ্চম স্থান অধিকার করেন মানিকনগর ডিএস আমেনিয়া আলিম মাদ্রাসার শিক্ষার্থী মাহমুদা খানম সাইমা।

প্রতিযোগিতা শেষে প্রধান অতিথি ওয়াড মাস্টার প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

পরে জানানো হয় ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতায় বিজয়ীরা গুডনেইবারর্সে রআয়োজনে জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

শতকোটি টাকার সম্পদ গড়েছেন মিলু

একটা সময় ছিলেন দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের চরমপন্থী সংগঠন পূর্ব বাংলা কমিউনিস্ট পার্টির সক্রিয় সদস্য। আইন-শৃঙ্খলা রক্ষাকারী

ও অপর দুই সহযোগীকে যাবজ্জীবন কারাদণ্ড দেয় ভারতীয় আদালত। তবে ভারতে গ্রেপ্তার হওয়ার পর মামলা চলককালীন সময়ে তিন মাস পর জামিনে মুক্তি পেয়েছিলেন আমাম হোসেন মিলু।

আমাম হোসেন মিলু ১৯৯৭ সালে তার খালু এবং মেহেরপুর জেলা আওয়ামী লীগের তৎকালীন সাধারণ সম্পাদক আব্দুল মান্নান মাস্টারের হাত ধরে আওয়ামী লীগের রাজনীতিতে প্রবেশ করেন। ২০০৬ সালে যতাপুর গ্রামের জহির রায়হান ও বাবলু হত্যাকাণ্ডের অন্যতম এজহারভূক্ত ভুক্ত আসামি ছিলেন এই মিলু। হত্যা মামলা দুটিতে গ্রেফতার হয়ে ৩ মাস কারাবরণের পর জামিনে বের হয়ে আসেন। পরবর্তীতে রাজনৈতিক প্রভাব খাটিয়ে মামলার থেকে নিজের নাম সরিয়ে নেন।

অবিশ্বাস্য শোনালেও এটাই সত্য আওয়ামী লীগ সরকার পতনের পরবর্তী সময়েও মিলু তার নিজগ্রাম যতারপুরের গোরস্থান সহ রাস্তর গাছপালা কেটে লুটপাট ও বিক্রি করলেও তার বিরুদ্ধে নেয়া হচ্ছে না কোন ব্যবস্থা।
তবে, সরকার পতনের পর থেকে আত্মগোপনে থাকায় তার কোন বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

কেদারগঞ্জে এম বি আর বাজার জামে মসজিদ নির্মাণ কাজের উদ্বোধন

মুজিবনগরের কেদারগঞ্জ এমবিআর বাজার সাপ্তাহিক হাট সংলগ্ন জামে মসজিদ নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৮ অক্টোবর) সকাল ১১ টার সময় অতিথি হিসাবে উপস্থিত থেকে কেদারগঞ্জ বাজার সাপ্তাহিক হাট সংলগ্ন মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর পাশে জামে মসজিদ এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন, মুজিবনগর মুজিবনগর থানা অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, মেহেরপুর জেলা জামাতের আমির মাও: তাজউদ্দিন খান এবং জামে

মসজিদ নির্মাণ কমিটি ও এমবিআর বাজার কমিটির সভাপতি আব্দুল হামিদ।

এ সময় মসজিদের নির্মাণ কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পূর্ণ করার জন্য মহান আল্লাহ তাআলার নিকট দোয়া ও সাহায্য প্রার্থনা করা হয়।

এমবিআর বাজার জামে মসজিদের উদ্বোধন অনুষ্ঠানে অতিথিরা বলেন, আল্লাহর ঘর নির্মাণে সমাজের বিত্তবান মানুষজনকে এগিয়ে আসতে হবে। যার যতটুকু সামর্থ্য আছে সে অনুযায়ী সহযোগিতা করতে হবে। আসুন আমরা সবাই মিলে এই আল্লাহর ঘর নির্মাণে সহযোগিতা করি।

এ সময় মসজিদ নির্মাণ কমিটির সভাপতি আব্দুল হামিদ সকল ধর্মপ্রাণ মুসলমানদের প্রতি মসজিদ নির্মাণে সকলের কাছে সহযোগিতার আহ্বান জানান এবং যারা সহযোগিতা করতে চান তারা যেন সরাসরি অথবা অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখা সঞ্চয় হিসাব নং-৯৭২৬, অনলাইন নং- ০২০০০০৯৪৫৬১৩২ নম্বরে দানের টাকা জমা দেন অথবা আঃ হামিদ (সভাপতি), মোবাঃ ০১৭১৫-৮৪৯৩৮৪ মতিরুল ইসলাম (কোষাধ্যক্ষ), ০১৭২১-৭১৭৯৭৬ নাম্বারে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা যুবদলের সদস্য সচিব ও কেদারগঞ্জ এমবিআর বাজার কমিটির সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম, মাও:আব্দুল লতিফসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং কেদারগঞ্জ এমবিআর বাজার কমিটির সদস্যবৃন্দ ও ব্যবসায়ীবৃন্দ।

মুজিবনগরে অজানা রোগে মারা গেছে খামারির ৭টি গরু

মুজিবনগরে অজানা রোগে হঠাৎ মারা গেছে আনন্দবাস বিশ্বাস পাড়ার পটল বিশ্বাসের স্ত্রী খামারি কহিনুর খাতুনের ৭টি গাভী গরু। গত বৃহস্পতিবার সন্ধায় এবং শুক্রবার সকালে পর্যায় ক্রমে গরুগুলি মারা যায়।

গরু মারা যাওয়ার বিষয়ে খামারি কহিনুর খাতুন জানান, ঘটনার দিন তিনি তার অসুস্থ মেয়েকে নিয়ে ডাক্তারের কাছে গিয়ে ছিলেন সন্ধায়

খামার পরিস্কার করতে গিয়ে দেখেন একটি গরু মরে পড়ে আছে আরো দু- তিনটা গরুর নাক মুখ দিয়ে রক্ত বার হচ্ছে। সঙ্গে সঙ্গে তিনি স্থানীয় শিক্ষানবিস ভেটেরিনারি চিকিৎসক তপু রায়হানকে খবর দেন তিনি গিয়ে গরুর রোগের উপসর্গ দেখে মেহেরপুর সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: শোয়ব সাকিব কে জানালে তিনি ব্যবস্থা পত্র দিয়ে চিকিৎসা দিতে বলেন পরবর্তিতে তিনি নিজে এসে চিকিৎসা প্রদান করেন। চিকিৎসার পরেও পর্যায়ক্রমে গরুগুলি মারা যায়।

তিনি আরো জানান, তিনি অনেক কষ্ট করে লোন তুলে গাভী গরুর খামারটি তিলে তিলে গড়ে তুলেছিলেন কিন্তু ভাগ্যের নির্মম পরিহাস ১৩ টি গরুর মধ্যে হঠাৎ ৭ টি গরু মারা গেছে। তিনি প্রায় নি:স্ব হয়ে গেছেন। ৭ গরুর মধ্য ৬ টি গরুর পেটে বাচ্ছা ছিল।

এ বিষয়ে সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: শোয়ব সাকিব জানান, কল পেয়ে তিনি ঘটনাস্থলে গিয়ে ছিলেন, উপসর্গদেখে মনে হয়েছিল গরুগুলি বিষক্রিয়ায় আক্রান্ত হয়ে ছিল। মাঠে থেকে যে ঘাস নিয়ে এসে গরুগুলি কে খাওয়ানো হয়েছিল সম্ভবত সেই ঘাসে বিষ জাতীয় কিছু ছিল তার কারনে গরুগুলি মারা গেছে।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: হারিছুল আবিদ জানান বিষয়টি আমি শুনেছি বিভিন্ন তথ্য যাচায় করে আমরা জানতে পেরেছি গরুগুলি নাইট্রেট পয়জনের কারণে মারা গিয়েছে।

আমরা প্রাণিসম্পদ অফিস থেকে চেষ্টা করব তার দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার এবং সরকারি অনুদান পাওয়ার ক্ষেত্রে আমরা সর্বোচ্চ চেষ্টা করব।

সকলকে একত্ববদ্ধ হয়ে ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে

রুখে দাঁড়াতে হবে-আব্দুর রশিদ

ছাত্র আন্দোলনে ছাত্র জনতার চাপে স্বৈরাচার শেখ হাসিনা দেশ ছেড়ে পালিয়ে গেছে ঠিকই।কিন্তু অলিতে গলিতে তার প্রেত-আত্মারা ছড়িয়ে ছিটিয়ে আছে। সব সময় তারা বিএনপির বিরুদ্ধে ষড়যন্ত্র করবে। তাই আমাদের সকলকে একত্ববদ্ধ হয়ে ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে এবং মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে সকলকে একত্ববদ্ধ থেকে ধানের শীষে ভোট দিয়ে বেগম খালেদা জিয়াকে প্রধানমন্ত্রী বানাতে হবে এটাই আমাদের মূল লক্ষ্য।

আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) বিকালে মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন ৫ নং ওয়ার্ড বিএনপির আয়োজনে, বৈষম্য বিরোধী ছাত্র-জনতার আন্দোলনে শহীদদের আত্মার মাগফিরাত এবং বেগম খালেদা জিয়ার সুস্থ্যতা কামনায় দোয়া ও আলোচনা সভায় এ সব কথা বলেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ

তিনি আরো বলেন, আওয়ামী লীগের সাধারণ ভোটারদের উপর আমাদের কোন ক্ষোভ নেই। তবে বাগোয়ানবাসীকে বলে দিতে চাই, যে সকল আওয়ামী লীগের নেতারা পরিচয় দিয়ে গেছে আমি মন্ত্রীর খালাতো ভাই, খালাতো বোন, মন্ত্রীর কাছের লোক।

এসব বলে তারা আমাদের উপর যে অত্যাচার করেছে বিএনপি সরকার ক্ষমতায় আসলে এ সকল লোকদের ক্ষমা করা হবে না।

উক্ত আলোচনা সভায় মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক ও (সাবেক মেম্বার) আনিসুর রহমানের সভাপতিত্বে ও বিএনপি নেতা মোখলেসুর রহমানের সঞ্চালনায় অন্যেদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা যুবদলের সহ-সভাপতি আব্দুল হামিদ, মুজিবনগর উপজেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি শফিকুল ইসলাম, উপজেলা যুবদলের সহ-সভাপতি শাহীনুর রহমান (শাহিন), উপজেলা কৃষকদলের সিনিয়র সহ-সভাপতি রমজান আলী, জেলা যুবদলের সদস্য আরিফ হোসেন ও তুষার।

এ সময় জুলাই- আগস্ট এ নিহত সকল ছাত্র-জনতার আত্মার মাগফেরাত এবং আহতদের দ্রুত রোগ মুক্তি কামনায় দোয়া করা হয়।

ঘূর্ণিঝড় দানার প্রভাব, মেহেরপুরে গুড়ি গুড়ি বৃষ্টি

ঘূর্ণিঝড় দানার প্রভাবে আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) সকাল থেকে মেহেরপুরের বিভিন্ন স্থানে গুড়ি গুড়ি বৃষ্টি শুরু হয়। বিকেলের দিকে বৃষ্টি বাড়লেও প্রায় ঘন্টাখানেক পর আবারও শুরু হয় গুড়ি গুড়ি বৃষ্টি।

এদিকে সকাল থেকে দুপুর পর্যন্ত জেলার গাংনী উপজেলার বামন্দী, এলাঙ্গী, কাজিপুর, মুজিবনগর উপজেলার বিভিন্ন কয়েক দফা বৃষ্টি হয়েছে। এখনও অব্যহত রয়েছে গুড়ি গুড়ি বৃষ্টি। সাথে বইছে হালকা ঠান্ডা হাওয়া।

সকাল থেকেই আকাশ মেঘলা রয়েছে। মাঝে মাঝে হালকা বৃষ্টিপাত হচ্ছে। সন্ধ্যার পর থেকে বৃষ্টিপাত বেড়েছে।

এদিকে দিনভর গুড়ি গুড়ি বৃষ্টি হওয়ায় জনসাধারণ ঘরের বাইরে খুব একচা বের হচ্ছেনা।

মুজিবনগরে জাতীয় এইচপিভি টিকাদান ক্যাম্পেইনের শুভ উদ্বোধন

মুজিবনগরে এইচপিভি টিকাদান ক্যাম্পেইনের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য বিভাগের আয়োজনে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় হল রুমে এই ক্যাম্পেইনের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামানের সভাপতিত্বে ক্যাম্পেইনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার

খাইরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, মুজিবনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডা: আহসান হাবিব, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: খন্দকার সানজিদা আক্তারসহ উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

এইচপিভি টিকাদান ক্যাম্পেইনে উপজেলার ৪টি ইউনিয়নের প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা, কারিগরি, কিন্ডারগার্ডেনসহ ৭৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের ১০ থেকে ১৪ বছর বয়সী ৪,৭৩০ জন শিক্ষার্থীকে এই টিকা প্রদান করা হবে।

মেহেরপুরে সেনাবাহিনীর অভিযানে বিদেশী পিস্তলসহ ৩ জন আটক

মেহেরপুরের মুজিবনগরে অভিযান চালিয়ে ইটালি তৈরী একটি অত্যাধুনিক ম্যাগজিন ও পিস্তলসহ ৩ জনকে আটক করেছে মেহেরপুর অবস্থানরত বাংলাদেশ সেনাবাহিনীর একটি টিম।

আজ বুধবার (২৩ অক্টোবর) সকালে মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়ায় জনৈক বাবলুর বাড়ি পাশ থেকে পিস্তলটি উদ্ধার করা হয়।
আটকরা হলেন, মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের মহাসিন আলীর ছেলে আওয়ামীলীগ সমর্থক কাঠমিস্ত্রি সাইফুল ইসলাম(৩২), দারিয়াপুর গ্রামের কাওসার আলীর ছেলে পেশাদার চোর এনামুল হক (৩৫) এবং একই গ্রামের মিন্টু আলীর ছেলে বিএনপি সমর্থক সাইফুল ইসলাম (৩২)।

বাংলাদেশ সেনাবাহিনী ২৭ ফিল্ড আর্টিলারি রেজিমেন্টের মেজর জাহিনের নেতৃত্বে অভিযান চালিয়ে অস্ত্রসহ এই তিনজনকে আটক করা হয়।

স্থানীয়রা জানান, দারিয়াপুর গ্রামের আটক এনামুল হকের বিরুদ্ধে

চুরিসহ বিভিন্ন অপকর্মের অভিযোগ রয়েছে। সে এর আগেও এলাকায় কয়েকটি দোকানে চুরি করে ধরা পড়েছিল। এনিয়ে তার বিরুদ্ধে একাধিকবার শালিস বৈঠক ও জরিমানা করা হয়েছে।

মেহেরপুর সেনাবাহিনীর সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে গেলোরাতে বাংলাদেশ সেনাবাহিনী ২৭ ফিল্ড আর্টিলারি রেজিমেন্টের মেজর জাহিনের নেতৃত্বে একটি টিম মুজিবনগর উপজেলার জতারপুর গ্রামের সাইফুল ইসলাম, একই উপজেলার দারিয়াপুর গ্রামের এনামুল হক ও অপর সাইফুল ইসলামকে আটক করে। তাদের আটকের জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে অস্ত্রের কথা স্বীকার করেন। তাদের দেওয়া স্বীকারোক্তি অনুযায়ী শহরের স্টেডিয়ামপাড়া এলাকার ঝটকার ছেলে বাবলুর বাড়ির পাশ থেকে ইটালি তৈরি ম্যাগাজিনসহ একটি অত্যাধুনিক পিস্তল উদ্ধার করেন।

এঘটনায় অস্ত্র আইনে মামলা দিয়ে মেহেরপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে গ্রাম আদালত প্রকল্পের অগ্রবর্তী পরিদর্শন

মেহেরপুরের মুজিবনগরে গ্রাম আদালত প্রকল্পের অগ্রবর্তী পরিদর্শন করেছেন জাতীয় প্রজেক্ট কো-অর্ডিনেটর বিভাস চক্রবর্তী।

মঙ্গলবার সকাল সাড়ে এগারোটার দিকে উপজেলার মহাজনপুর ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত প্রকল্পের কার্যক্রম পরিদর্শনকালে ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান, ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, হিসাব সহকারী ও অন্যান্য মেম্বারদের সাথে গ্রাম আদালত এর কার্যক্রম নিয়ে আলোচনা করেন। এবং মামলার লতি পর্যবেক্ষণ, একলাস পরিদর্শন করেন।

এ সময় গ্রাম আদালতের সেবা পেয়েছে এমন উপকার ভোগীদের সাক্ষাৎকার গ্রহণ করেন।

পরিদর্শনকালে উপস্থিত ছিলেন, বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের প্রজেক্ট কো-অর্ডিনেটর শংকর পাল, গ্রাম আদালত ইউএনডিপির প্রজেক্ট এনালিস্ট শরিফা পারভীন, গ্রাম আদালত বাস্তবায়ন কমিটির জেলা ব্যবস্থাপক আসাদুজ্জামান, মুজিবনগর উপজেলা সমন্বয়কারী শাকিলুজ্জামান, প্রকল্প সমন্বয়কারী নজরুল ইসলাম।

পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সাথে গ্রাম আদালতের সার্বিক বিষয় নিয়ে আলোচনা করেন।